

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১১১৪

আগরতলা, ৪ সেপ্টেম্বর, ২০২৪

**শান্তি ও সম্প্রীতি রক্ষায় সমগ্র জিরানীয়া মহকুমায়  
জনসাধারণের চলাচলের উপর বিধিনিষেধের সময়সীমা বৃদ্ধি**

পশ্চিম ত্রিপুরা জেলার অন্তর্গত সমগ্র জিরানীয়া মহকুমায় শান্তি, নিরাপত্তা ও সম্প্রীতি অটুট রাখতে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ২০২৩-র ১৬৩নং ধারায় জনসাধারণের চলাচলের উপর বিধিনিষেধের সময়সীমা বৃদ্ধি করা হয়েছে। পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার আজ এক আদেশে এই বিধিনিষেধের সময়সীমা বৃদ্ধি করে জানিয়েছেন, এই আদেশ ৫ সেপ্টেম্বর, ২০২৪ রাত ১টা থেকে আগামী ৮ সেপ্টেম্বর, ২০২৪ রাত ১টা পর্যন্ত বলবৎ থাকবে। আদেশে আরও বলা হয়েছে এই বিধিনিষেধ সামরিক/ আধা সামরিক / রাজ্য পুলিশের জওয়ানদের ক্ষেত্রে যারা আইন শৃঙ্খলা রক্ষায় নিযুক্ত রয়েছেন তাদের ক্ষেত্রে কার্যকর হবেনা। তাছাড়াও পশ্চিম ত্রিপুরা জেলার পুলিশ সুপার ও জিরানীয়া মহকুমার মহকুমা শাসকের বৈধ অনুমতিপ্রাপ্ত ব্যক্তি, জরুরী সরকারি কাজে নিযুক্ত সরকারি কর্মচারি, তাৎক্ষণিক চিকিৎসা প্রয়োজন এমন ব্যক্তিদের ক্ষেত্রেও এই আদেশ প্রযোজ্য হবেনা। এই আদেশ অমান্য করলে বিএনএস, ২০২৩ এর ২২৩নং ধারায় শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।

\*\*\*\*\*